

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
(জে.এম শাখা)
www.sunamganj.gov.bd

নম্বরঃ ০৫.৪৬.৯০০০.০১৬.১১.০০৯.১৮- ৭৪০

তারিখঃ ১৬ জ্যৈষ্ঠ, ১৪২৬
৩০ মে, ২০১৯


“আদেশ”

বাংলাদেশ পুলিশ, জেলা বিশেষ শাখা, সুনামগঞ্জ এর ১৮/০৫/২০১৯ তারিখের ২২২৪ নং স্মারকের প্রতিবেদন অনুযায়ী ১৪/০৫/২০১৯ তারিখ রাত ৮:৪৫ ঘটিকায় ছাতক পৌরসভার মেয়র আবুল কালাম চৌধুরী গুপ ও তার আপন ভাই শামীম আহমদ চৌধুরী গুপ এর অনুসারী লোকজন সুরমা নদীতে অবৈধ চাঁদা আদায়কে কেন্দ্র করে ফেসবুকে কটুক্তির জের হিসেবে ছাতক বাজারস্থ মহসিন ফিল্ডের সামনে ছাতক-গোবিন্দগঞ্জ পাকা সড়কের উপর নিয়োক্ত ছকে বর্ণিত ব্যক্তিগণসহ ৩০০/৪০০ লোক বেআইনী সমাবেশে সমবেত হয়ে দাঙ্গায় লিপ্ত হয়। দাঙ্গায় উভয় পক্ষের লোকজন তাদের হাতে থাকা আগ্নেয়াস্ত্র দ্বারা গুলিবর্ষণ, ককটেল, পেট্রোল বোমা ও ইট পাথর নিক্ষেপ করে। তাদের গুলিবর্ষণের ফলে সাহাব উদ্দিন, পিতা- আঃ সোবহান, সাকিন- বাগবাড়ি, থানা- ছাতক, জেলা- সুনামগঞ্জ গুলিবিদ্ধ হয়ে মৃত্যুবরণ করেন। এ ঘটনায় ছাতক থানার অফিসার ইনচার্জ (১) জনাব মোঃ মোস্তফা কামাল, (২) এসআই, সৈয়দ আব্দুল মান্নান, (৩) এসআই, মোঃ শামীম আকঞ্জী (৪) ড্রাইভার কং ২৩৩ সজীব আহমেদ (৫) কং/৩৮০ মোঃ কামরুল হোসেন (৬) কং/ ৯৯৩ মোঃ তোফাজ্জল হোসেন (৭) কং/৩৬২ শাকিব হোসেন সর্ব ছাতক থানা (৮) কং/ ৪০১ ফাহিম আহমেদ, জেলা গোয়েন্দা শাখা (৯) আরআরএফ কং/৪৮২ এমরান হোসেন এর পা ও মাথাসহ শরীরের বিভিন্ন স্থানে সাধারণ ও গুরুত্বর রক্তাক্ত জখমপ্রাপ্ত হন। উক্ত ঘটনার বিষয়ে পুলিশ আক্রান্ত, হত্যা এবং বিস্ফোরক দ্রব্যাদি ব্যবহার সংক্রান্ত ০৩ (তিন)টি নিয়মিত মামলা যথাক্রমে ১) ছাতক থানার মামলা নং- ১৭, তারিখ ১৫/০৫/২০১৯ খ্রি:, ধারা- ১৪৩/১৮৬/৩৩২/৩৩৩/৩৫৩ দ:বি; ২) ছাতক থানার মামলা নং- ১৯, তারিখ- ১৫/০৫/২০১৯ খ্রি:, ধারা- ১৪৩/১৪৮/৩২৩/৩০৭/৩০২ দ:বি: এবং ৩) ছাতক থানার মামলা নং- ২০, তারিখ- ১৬/০৫/২০১৯খ্রি, ধারা- বিস্ফোরক দ্রব্যাদি আইন, ১৯০৮ এর বিস্ফোরক উপাদানাবলী (সংশোধন/২০০২) এর ৩/৪/৬ ব্লক করা হয়। নিম্নবর্ণিত আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারী ব্যক্তিগণকে উপরোল্লিখিত পুলিশ আক্রান্ত, বিস্ফোরক দ্রব্য ব্যবহার সংক্রান্ত মামলার এজাহার নামীয় এবং হত্যা মামলার সন্দিক্ত আসামী করা হয়েছে। বর্ণিত অবস্থায় নিম্নবর্ণিত আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারী ব্যক্তিগণের নিকট আগ্নেয়াস্ত্র থাকা জনগণের জানমালের নিরাপত্তাসহ সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষার জন্য হুমকি এবং রক্তক্ষয়ী সংঘর্ষের আশংকা বিদ্যমান রয়েছে মর্মে পুলিশ সুপার, (জেলা বিশেষ শাখা) সুনামগঞ্জ এর প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

এমতাবস্থায়, পুলিশ সুপার, (জেলা বিশেষ শাখা) সুনামগঞ্জ এর বর্ণিত প্রতিবেদনের আলোকে জননিরাপত্তার স্বার্থে আগ্নেয়াস্ত্র লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা ২০১৬ এর ২৫ ধারায় বর্ণিত আগ্নেয়াস্ত্র বহন/ব্যবহার সংক্রান্ত নির্দেশাবলী প্রতিপালন না করায় উক্ত নীতিমালার ১৯ এর (চ) ধারা মোতাবেক আমি মোহাম্মদ আব্দুল আহাদ, জেলা ম্যাজিস্ট্রেট, সুনামগঞ্জ নিম্নবর্ণিত ব্যক্তিদের অনুকূলে ইস্যুকৃত আগ্নেয়াস্ত্র লাইসেন্স এতদ্বারা বাতিল ঘোষণা করলাম।

ক্রম	লাইসেন্সধারীর নাম ও ঠিকানা	আগ্নেয়াস্ত্র লাইসেন্স এর ধরণ ও নম্বর
০১	শাহিন আহমেদ চৌধুরী পিতা- আলহাজ্ব আরজ মিয়া চৌধুরী মাতা- মৃত নুরুন নেছা চৌধুরী সাং- বাগবাড়ি, উপজেলা- ছাতক, জেলা- সুনামগঞ্জ।	লাইসেন্স নং- ১১৫/১৪ (ছাতক) ডিবিবিএল বন্দুক নং- ৫৭৪
০২	জামাল আহমেদ চৌধুরী পিতা- আরজ মিয়া চৌধুরী মাতা- মৃত নুরুন নেছা চৌধুরী সাং- বাগবাড়ি, ছাতক পৌরসভা, উপজেলা- ছাতক, জেলা- সুনামগঞ্জ।	লাইসেন্স নং- ১১৩/১৩ (ছাতক) এসবিবিএল বন্দুক নং- ৮৪২৬১৭৫ পতুগালের তৈরি।
০৩	মোঃ শামীম আহমেদ চৌধুরী পিতা- আলহাজ্ব আরজ মিয়া চৌধুরী মাতা- মৃত নুরুন নেছা চৌধুরী সাং- বাগবাড়ি, পোঃ ছাতক উপজেলা- ছাতক জেলা- সুনামগঞ্জ।	লাইসেন্স নং- ১০৫/১৩ (ছাতক) শটগান নং- ৮১৩৯ (এক্সট্রা ব্যারল) লাইসেন্স নং- ০০৫/২০১১ (ছাতক) এনপিবি -রিভলভার নং- বি-৭৯৫৬১ মার্ক-.৩২ বোর বাই- ওয়েবলী এন্ড স্কট ইংল্যান্ডের তৈরি।

০৪	মোঃ কামাল চৌধুরী পিতা- আলহাজ্জ আরজ মিয়া চৌধুরী মাতা- আঞ্জুরা বেগম চৌধুরী সাং- বাগবাড়ি, ওয়ার্ড নং-৬ উপজেলা- ছাতক জেলা- সুনামগঞ্জ।	লাইসেন্স নং- ১১১/১৩ (ছাতক) শটগান নং- ৮১১২ (এক্সট্রা ব্যারল) তুর্কির তৈরি।
০৫	আহমদ শাখাওয়াত সেলিম চৌধুরী পিতা- আরজ মিয়া চৌধুরী মাতা- মৃত নুরুন নেছা চৌধুরী সাং- বাগবাড়ি উপজেলা- ছাতক জেলা- সুনামগঞ্জ।	লাইসেন্স নং- ১১০/১৩ (ছাতক) শটগান নং- ৮১৪১ (এক্সট্রা ব্যারল) তুর্কির তৈরি।


(মোহাম্মদ আব্দুল আহাদ)
জেলা ম্যাজিস্ট্রেট
সুনামগঞ্জ

ফোন: ০৮৭১-৬২০০০

E-mail: dcsunamganj@mopa.gov.bd

নম্বরঃ ০৫.৪৬.৯০০০.০১৬.১১.০০৯.১৮-৭৪৩(৭০)

তারিখঃ-----
১৬ জ্যৈষ্ঠ, ১৪২৬
৩০ মে, ২০১৯

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

- ১। প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
- ৪। উপ-মহা পুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে

- ৫। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট.....(সকল)।
- ৬। পুলিশ সুপার, সুনামগঞ্জ।
- ৭। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরী লিমিটেড, গাজীপুর সেনানিবাস, গাজীপুর।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, ছাতক, সুনামগঞ্জ।
- ৯। অফিসার-ইন-চার্জ, ছাতক, সুনামগঞ্জ।
- ১০। কোর্ট পুলিশ পরিদর্শক, সুনামগঞ্জ।
- ১১। জনাব

তঁাকে আদেশ প্রাপ্তির ০৩(তিন) দিনের মধ্যে বাতিলকৃত আশেয়াস্ত্র সংশ্লিষ্ট থানায় জমা প্রদানপূর্বক আশেয়াস্ত্রের লাইসেন্স এ কার্যালয়ে জমা প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।


জেলা ম্যাজিস্ট্রেট
সুনামগঞ্জ।

